যুগান্তর

তারিখ ... 25 AUG 2015 ...
পৃষ্ঠা ২০ ... কলাম ৬ ......

আপিলেও আবেদন খারিজ

# ঢাবিতে ভর্তি পরীক্ষার সুযোগ একবারই

যুগান্তর রিপোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) দ্বিতীয়বার ভর্তি পরীক্ষার সুযোগ চেয়ে করা আবেদন আপিল বিভাগেও খারিজ হয়েছে। হাইকোর্টের আদেশের বিরুদ্ধে ২৬ অভিভাবকের করা লিভ টু আপিলের শুনানি শেষে প্রধান বিচারপতি এস কে সিনহার নেতৃত্বাধীন চার সদস্যের আপিল বিভাগ সোমবার এ খারিজ আদেশ দেন।

আইনজীবীরা জানিয়েছেন, এর ফলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী, শুধু সদ্য উচ্চ মাধ্যমিক পাস শিক্ষার্থীরাই দেশে উচ্চ শিক্ষার সবচেয়ে বড় এ বিদ্যাপীঠে ভর্তি হওয়ার সুযোগ পাবে। কেউ দ্বিতীয়বার ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারবে না। এরমধ্যেই সোমবার থেকে

একবারই : পৃষ্ঠা ১৯ : কলাম ৫

## একবারই : সুযোগ

(শেষ পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয়টির ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। অনলাইনে আবেদনপত্র ছাড়া হয়েছে।

আদালতে আবেদনকারীদের পক্ষে শুনানিতে অংশ নেন অ্যাডভোকেট সুব্রত চৌধুরী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে অ্যাডভোকেট এএফএম মেসবাহ উদ্দিন। এইচএসসি উত্তীর্ণরা এতদিন টানা দুইবার ভর্তি পরীক্ষায় বসার সুযোগ পেলেও গতবছর তা সীমিত করে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিশ্ববিদ্যালয়ের ভিসি আ আ ম স আরেফিন সিদ্দিক গতবছর ১৪ অক্টোবর ওই সিদ্ধান্তের বিষয়টি জানিয়ে বলেন, ২০১৫-১৬ শিক্ষাবর্ষ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় শুধু ওই বছর এইচএসসিতে উত্তীর্ণরাই অংশ নিতে পারবে; পুরনোরা নয়।

ওই সিদ্ধান্তের প্রতিবাদে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা সে সময় টানা কয়েক দিন বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ, সমাবেশ ও অনশন করেন। এরপর হাইকোর্টে রিট আবেদন করেন দ্বিতীয়বার ভর্তিচ্ছু ২৬ শিক্ষার্থীর অভিভাবক। তাদের আবেদনের প্রাথমিক শুনানি করে ১৬ মার্চ হাইকোর্ট রুল জারি করেন। দ্বিতীয়বার ভর্তির সুযোগ বাতিল কেন বেআইনি ঘোষণা করা হবে না— তা জানতে চাওয়া হয় রুলে। একই সঙ্গে ওই সিদ্ধান্ত বাতিল করে আগের মতো ভর্তির সুযোগ রেখে নতুন করে সিদ্ধান্ত কেন দেয়া হবে না— তাও জানতে চাওয়া হয়। রুলের ওপর শুনানি শেষে ৮ জুলাই হাইকোর্ট তা খারিজ করে রায় দেন।

এরপর হাইকোর্টের আদেশের বিরুদ্ধে আপিল বিভাগে লিভ টু আপিল করেন আবেদনকারীরা। আবেদনে দ্বিতীয়বার ভর্তির সুযোগ চাওয়া হয়। শুনানি শেষে সোমবার তা খারিজ করে দেন আপিল বিভাগ। আদেশের পর বিশ্ববিদ্যালয়ের পক্ষের আইনজীবী মেসবাহ উদ্দিন বলেন, 'আপিল বিভাগ আবেদন খারিজ করে দেয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে আর দ্বিতীয়বার ভর্তি পরীক্ষা দেয়ার সুযোগ থাকছে না।' আবেদনকারীদের আইনজীবী সুব্রত চৌধুরী বলেন, 'অ্যাকাডেমিক কাউন্সিলের এখতিয়ার আছে সিদ্ধান্ত সংশোধন ও পরিবর্তন করার। এটা তাদের অভ্যন্তরীণ বিষয়। সেখানে হস্তক্ষেপের সুযোগ নেই বলে হাইকোর্ট আমাদের রিট আবেদন খারিজ করেছিল। আগের দুই বছরের শিক্ষার্থীরাও যাতে ভর্তি পরীক্ষা দিতে পারে সেজন্য আমরা লিভ টু আপিল করেছিলাম। আপিল বিভাগ সেটিও খারিজ করে দিয়েছেন। এর ফলে দ্বিতীয়বার ভর্তি পরীক্ষায় বসার সুযোগ থাকছে না।'